শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001 : 2015 CERTIFIED

# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

আশেকপুর, টাঙ্গাইল।

ফোনঃ ০২৯৯৭৭৫৩৩২৪, অভিযোগ কেন্দ্রঃ ০২৯৯৭৭৫৩৩১৫
ই-মেইলঃ tangail_pbs@yahoo.com; ওয়েব-সাইটঃ www.pbs.tangail.gov.bd; ফেজবুকঃ www.facebook.com/pbstangail

স্মারক নং-২৭.১২.৯৩৯৫.৫০২.০২.০০৮.২৪.৯৪৩৬

তারিখঃ ০৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৪ খ্রিঃ

## " বিলিং সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতির বিলিং সুপারভাইজার এর শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং " টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ ( সংশোধিত-২০১২) " অনুযায়ী পদোন্নতির সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজ ) স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার ০১ (এক) টি | ক) প্রার্থীকে বিলিং সহকারী পদে নিয়মিতভাবে নুন্যতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার ও অফিসের অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালন ও রক্ষণাবেক্ষণে সক্ষম হতে হবে।<br>গ) প্রার্থীকে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ১০ শব্দ এবং ইংরেজী ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তাদি পূরণ হতে হবে। |

**আবেদন করার পদ্ধতি**

নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) স্বামীর নাম (ঘ) মাতার নাম, (ঙ) বর্তমান ঠিকানা ,(চ) স্থায়ী ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমানকপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সকল কাগজপত্র এজিএম -প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত হতে হবে ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি এবং সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ ও অনাপত্তি সনদ পত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থোকে বা না থাকে) উল্লেকপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ আগামী ১১/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, আশেকপুর-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন অবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**শর্তাবলীঃ**

সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত) দন্ডপ্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই ।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০১) অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

০২) অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৩) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী এবং অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৪) প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ, সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ,ও একবার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় মামলা, ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫) টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/ কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্তের সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৬ ) পদোন্নতির ক্ষেত্রে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ ( সংশোধিত-২০১২) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করতে হবে।

০৭) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৮) পদোন্নতির ক্ষেত্রে জেলাকোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার (টাঙ্গাইল সদর, বাসাইল, সখিপুর, মির্জাপুর, কালিহাতী, দেলদুয়ার, নাগরপুর ও সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার (আংশিক) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৯) তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০) বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি / নিয়োগ পত্র প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/ প্রত্যাখান করতে পারবেন না ।

১১) নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১২) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩) যে কোন আবেদন পত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ।

১০/৪/২৪

( শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার
মোবা-০১৭৬৯৪০০০৭৮

**অনুলিপিঃ ( সদয় অবগতির জন্য ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১) নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৬) একান্ত সচিব সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, টাঙ্গাইল।
০৮) ডিজিএম, দেলদুয়ার/নাগরপুর/বাসাইল/কারিগরী/গোড়াই/মির্জাপুর/ এলেঙ্গা জোনাল অফিস, টিপিবিএস।
০৯) এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য সেবা/প্রশাসন/ইএন্ডসি), টিপিবিএস।
১০) এজিএম (আইটি), টাঙ্গাইল পবিস-[অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ ]।
১১) নোটিশবোর্ড, টাঙ্গাইল পবিস।
১২) অফিস কপি/মাষ্টার কপি ।

২৮/০৪/২৪

(মোঃ আলমগীর রহমান)
এজিএম(মানব সম্পদ)
মোবা-০১৭৬৯-৪০২২৮২